এবার ‘ছুটি’ পাচ্ছেন মুস্তাফিজও!

আইপিএল খেলার জন্য শ্রীলঙ্কার বিপক্ষে আসন্ন দুই টেস্ট সিরিজে খেলবেন না সাকিব আল হাসান। এরইমধ্যে সাকিবকে ছুটি দিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। এবার মুস্তাফিজুর রহমানকেও অনাপত্তিপত্র (নো অবজেকশন সার্টিফিকেট বা এনওসি) দেওয়া হবে। এমনটাই জানিয়েছেন বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের চেয়ারম্যান আকরাম খান।

শুক্রবার সাংবাদিকদের আকরাম খান বলেন, ‘আবেদন করলে আমরা অবশ্যই মুস্তাফিজুরকে এনওসি দেবো। আমরা সাকিবকে এনওসি দিয়েছি এবং মুস্তাফিজুর রহমানের ক্ষেত্রেও একই ব্যাপার ঘটবে। বোর্ড সিদ্ধান্ত নিয়েছে যে কেউ এনওসি চাইলে দেওয়া হবে। কারণ যদি কেউ খেলতে না চায় তাহলে জোর করে লাভ নেই।’

এর আগে একবার মুস্তাফিজকে আইপিএলে খেলার ছাড়পত্র দেয়নি বিসিবি।

আইপিএলের নিলামে বাংলাদেশিদের মধ্যে দল পেয়েছেন সাকিব আল হাসান ও মুস্তাফিজুর রহমান। সাকিবকে ৩ কোটি ২০ লাখ রুপিতে কিনেছে তার পুরনো দল কলকাতা নাইট রাইডার্স এবং মুস্তাফিজকে তার ভিত্তিমূল্য ১ কোটি রুপিতে কিনেছে রাজস্থান রয়্যালস।

আইপিএলে দল নিশ্চিত হওয়ার পর জানা যায়, শ্রীলঙ্কা সফরের টেস্ট সিরিজ থেকে নাম প্রত্যাহারের আবেদন জানিয়েছেন সাকিব। পরে তাকে অনাপত্তিপত্র দেয় বিসিবি। এবার মুস্তাফিজকেও একই সুবিধা দেওয়া হবে।

সাকিবের ‘বদলি’ মোসাদ্দেক

কেন?

আসন্ন নিউজিল্যান্ড সফর সামনে রেখে ২০ সদস্যের স্কোয়াড ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। পিতৃত্বকালীন ছুটিতে থাকায় সফরে নেই বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। বাদ পড়েছেন বাঁ-হাতি স্পিনার তাইজুল ইসলাম। দলে ফিরেছেন অলরাউন্ডার মোসাদ্দেক হোসেন সৈকত।

সবশেষ উইন্ডিজের বিপক্ষে ওয়ান সিরিজে জয়ী দল থেকে সবচেয়ে উল্লেখযোগ্য পরিবর্তন মোসাদ্দেকের ফেরা। দেশসেরা অলরাউন্ডার সাকিব আল হাসানের ‘বদলি’ হিসেবে মোসাদ্দেককে নেওয়া হয়েছে বলে জানিয়েছে বিসিবির একটি সূত্র।

মোসাদ্দেকের অন্তর্ভূক্তি নিয়ে প্রধান নির্বাচক মিনহাজুল আবেদীন নান্নু গণমাধ্যমকে বলেছেন, তৃতীয় সন্তান জন্মের সময় স্ত্রীর পাশে থাকতে পিতৃত্বকালীন ছুটি নিয়েছে সাকিব।

নিউজিল্যান্ড সফরে সে যাচ্ছে না। তার জায়গায় আরেক অলরাউন্ডার মোসাদ্দেককেই সবচেয়ে উপযুক্ত মনে হয়েছে নির্বাচকদের। আসলে সাকিবের বিকল্প তো হয় না। ওর মতো বা ওর অভাব পূরণ করার মতো কেউ নেই আমাদের। আমাদের মনে হয়েছে সাকিবের ভূমিকা যতটা সম্ভব পালন করতে পারবে মোসাদ্দেক।

নান্নু আরও বলেন, বঙ্গবন্ধু টি-টোয়েন্টি খেলেছে মোসাদ্দেক। ব্যাটিং খুব ভালো না করলেও বোলিং ভালো করেছে সেখানে। এরপর আবুধাবি টি-টোয়েন্টিতে খেলেছে সে। আরেকটা ব্যাপার হলো ওর অভিজ্ঞতা। নিউজিল্যান্ডে নতুন কারও জন্য গিয়ে খেলা কঠিন। তার সেখানে খেলার অভিজ্ঞতা রয়েছে। সেজন্য তাকেই উপযুক্ত মনে করেছে নির্বাচকরা।

টিকা নিলেন তামিম-সৌম্য

করোনাভাইরাসের টিকা নিলেন ক্রিকেটার তামিম ইকবাল ও সৌম্য সরকার।

বাংলাদেশের ক্রিকেটারদের মধ্যে সবার আগে টিকা নেন সৌম্য সরকার। এরপর টিকা নেন ওয়ানডে অধিনায়ক তামিম ইকবাল।

বৃহস্পতিবার কুর্মিটোলা জেনারেল হাসপাতালে টিকা নেন এই দুই তারকা ক্রিকেটার।

নিউজিল্যান্ড সফরের আগেই জাতীয় দলের ক্রিকেটারদের করোনার টিকা নেওয়ার কথা। সে অনুযায়ী বৃহস্পতিবার টিকা নিলেন তামিম-সৌম্য। এরপর ভ্যাকসিনেশনের আওতায় একে একে টিকা নেবেন জাতীয় দলের বাকি ক্রিকেটার ও স্টাফরা।

বেলা পৌনে ১১টার দিকে শুরু হয়েছে এই প্রক্রিয়া। আগামী ২৪ ফেব্রুয়ারি নিউজিল্যান্ড যাওয়ার কথা রয়েছে টাইগারদের।

ক্রিকেটের অভিজাত সংস্করণকে বিদায় জানালেন ডু প্লেসি

ক্রিকেটের অভিজাত সংস্করণ টেস্ট ক্রিকেটকে বিদায় জানালেন দক্ষিণ আফ্রিকা টেস্ট দলের সাবেক অধিনায়ক ফাফ ডু প্লেসি।

বুধবার সকালে সামাজিক যোগাযোগের মাধ্যম ইনস্টাগ্রামে এক পোস্টে ডু প্লেসি অবসরের ঘোষণা দেন।

ইনস্টাগ্রামে তিনি লেখেন, “আমার মন খুবই পরিষ্কার। সামনের দিকে নতুন পথে পা ফেলার জন্য এটাই সঠিক সময়।”

৩৬ বছর বয়সী ডু প্লেসি দেশের হয়ে ৬৯টি টেস্ট খেলেন। এ সময়ে ৪০.০২ গড়ে রান করেন ৪ হাজার ১৬৩। সেঞ্চুরি ১০টি ও হাফসেঞ্চুরি ২১ টি।

সর্বোচ্চ খেলেন ১৯৯ রানের ইনিংস।

২০১২ সালের নভেম্বরে অস্ট্রেলিয়ার বিপক্ষে সাদাপোশাকে ডু প্লেসির অভিষেক হয়। ২০১৬ সালে অধিনায়কত্বের দায়িত্ব পান। গত বছর দায়িত্ব ছাড়ার আগ পর্যন্ত দেশকে নেতৃত্ব দেন ৩৬টি টেস্টে।

অজানা কারণে বাদ পড়লেন মুস্তাফিজ

চট্টগ্রামের দুঃস্মৃতি আর মনে করতে চান না বাংলাদেশ টেস্ট দলের অধিনায়ক মুমিনুল হক। সাগরিকায় তীরে এসে তরী ডোবায় বুকের ভিতর যে আগুন জ্বলছে, সেই আগুনেই সিরিজের শেষ অর্থাৎ ঢাকা টেস্টে ক্যারিবীয়দের পুড়িয়ে মারতে চান তিনি। আজ বৃহস্পতিবার মিরপুরে শুরু হয়েছে সিরিজের শেষ টেস্ট। হারলে কিংবা ড্র হলেও সিরিজ হাতছাড়া। তাই জয়ের জন্য ক্ষুধার্ত হয়েই মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে উইন্ডিজের মুখোমুখি বাংলাদেশ দল।

এই টেস্টে বাংলাদেশ একাদশে তিনটি পরিবর্তন এসেছে। সাকিব আল হাসান ও সাদমান ইসলামের ইনজুরিতে সৌম্য সরকার ও মোহাম্মদ মিঠুন জায়গা পেয়েছেন। আর পেসার মুস্তাফিজুর রহমানের পরিবর্তে আবু জায়েদ রাহির সুযোগ হয়েছে। আর উইন্ডিজ দলে একটি পরিবর্তন হয়েছে। পেসার কেমার রোচের পরিবর্তে আলজারি জোসেফ খেলছেন।

মিরপুর টেস্ট থেকে বর্তমানে বাংলাদেশ দলের সেরা পেসার মুস্তাফিজুর রহমানকেও বাদ দেওয়ায় অবাক হয়েছেন অনেকেই । টিম ম্যানেজমেন্টের এই সিদ্ধান্তের পেছনের যুক্তি খুঁজছেন তারা। তার স্থলে দলে জায়গা করে দেওয়া হয়েছে সাম্প্রতিক সময়ে সফল পেসার আবু জায়েদ রাহি। অভিজ্ঞ মুস্তাফিজের জায়গায় তরুণ রাহিকে সুযোগ দেওয়া কতটা যৌক্তিক হলো সেটি জানতে অপেক্ষা করতে হবে।

ম্যাচ শুরুর আগের দিন গতকাল বুধবার (১০ ফেব্রুয়ারী) পেসারদের বাড়তি গুরুত্ব দেওয়ার কথা বলেছিলেন বাংলাদেশ দলের টেস্ট অধিনায়ক মুমিনুল হক। বাংলাদেশ অধিনায়ক মূল একাদশে দুইজন পেসারের আভাস

দিলেও স্বাগতিকরা খেলছেন এক পেসার নিয়েই। গত টেস্টের মতো এই টেস্টেও ক্যারিবীয়াদের স্পিনের ফাঁদে ফেলার কৌশল সামনে রেখে একাদশ সাজানো হয়েছে। একাদশে রাখা হয়েছে তিন স্পিনার মিরাজ, তাইজুল ও নাঈমকে।

বিরতির পর ফিরেই আবু জায়েদ নিলেন মোসলের উইকেট

চট্টগ্রামের দুঃস্মৃতি আর মনে করতে চান না বাংলাদেশ টেস্ট দলের অধিনায়ক মুমিনুল হক। সাগরিকায় তীরে এসে তরী ডোবায় বুকের ভিতর যে আগুন জ্বলছে, সেই আগুনেই সিরিজের শেষ অর্থাৎ ঢাকা টেস্টে ক্যারিবীয়দের পুড়িয়ে মারতে চান তিনি। আজ বৃহস্পতিবার মিরপুরে শুরু হয়েছে সিরিজের শেষ টেস্ট। হারলে কিংবা ড্র হলেও সিরিজ হাতছাড়া। তাই জয়ের জন্য ক্ষুধার্ত হয়েই সকাল সাড়ে নয়টায় মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে উইন্ডিজের মুখোমুখি বাংলাদেশ দল। এই ম্যাচে টস হেরে ফিল্ডিং করছে বাংলাদেশ।

প্রথমে ব্যাট করতে নেমে ভালো শুরু করে ক্যারিবীয়রা। দলীয় ৬৬ রানে তারা হারায় প্রথম উইকেট। তাইজুলের শিকার হন জন ক্যাম্পবেল। আউট হওয়ার আগে ৬৮ বলে ৩৬ রান করেন তিনি। এর আগে ব্যক্তিগত ১৩ রানের রিভিউ নিয়ে আম্পায়ারের দেওয়া এলবিডব্লিউ সিদ্ধান্ত থেকে বেঁচেছিলেন জন ক্যাম্পবেল। কিন্তু ৩৬ রানে ভাগ্য সহায়তা করেনি। তাইজুলের বল সুইপ করতে গিয়ে বিপদ ডেকে আনেন বাঁহাতি ব্যাটসম্যান। বল মিস করে তার প্যাডে আঘাত করে। আম্পায়ার এবারও তাকে আউট দেন। রিভিউ নিলেও ক্যাম্পবেলকে ফিরতে হয় সাজঘরে।

প্রথম সেশনে খুব একটা ভালো করতে না পারলেও লাঞ্চের পর দ্বিতীয় সেশনের শুরু থেকে ভালো বোলিংয়ের ধারাবাহিকতায় ডানহাতি পেসার আবু জায়েদ রাহী পেলেন উইকেটের স্বাদ। বিরতির পর তার করা তৃতীয় ওভারের দ্বিতীয় বলে বোল্ড হন শেইন মোসলে। অফস্টাম্পের অনেক বাইরের ড্রাইভ করতে গিয়ে উইকেটে টেনে আনেন ৭ রান করা মোসলে। তার আউটের সময় ওয়েস্ট ইন্ডিজের রান ২ উইকেটে ৮৭।

এই টেস্টে বাংলাদেশ একাদশে তিনটি পরিবর্তন এসেছে। সাকিব আল হাসান ও সাদমান ইসলামের ইনজুরিতে সৌম্য সরকার ও মোহাম্মদ মিঠুন জায়গা পেয়েছেন। আর পেসার মোস্তাফিজুর রহমানের পরিবর্তে আবু জায়েদ রাহির সুযোগ হয়েছে। আর উইন্ডিজ দলে একটি পরিবর্তন হয়েছে। পেসার কেমার রোচের পরিবর্তে আলজারি জোসেফ খেলবেন। এর আগে, চট্টগ্রামে সিরিজের প্রথম টেস্টে হেরেছে বাংলাদেশ।

কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় কুড়ুলগাছি একাদশ জয়ী

দামুড়হুদা উপজেলার কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্ট ২০/২১ এর ফাইনাল খেলায় কুতুবপুর একাদশকে হারিয়ে কুড়ুলগাছি একাদশ জয়লাভ করেছে। গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার দিকে কুতুবপুর ক্রিকেট মাঠ প্রাঙ্গণে এ খেলা অনুষ্ঠিত হয়।

প্রথমে টসে জিতে কুড়ুলগাছি একাদশ ব্যাটিং করার সিদ্ধান্ত নেয়। কুড়ুলগাছি একাদশ ব্যাট করতে নেমে নির্ধারিত ১৫ ওভার শেষে ৭ উইকেট হারিয়ে ১৭১ রান সংগ্রহ করে।

কুতুবপুর একাদশ ১৭২ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ৮ উইকেট হারিয়ে ১৫ ওভার খেলে ৯৩ রান সংগ্রহ করে। কুড়ুলগাছি একাদশের ইচু তিন উইকেট ও ২৯ বলে ৯৪ রান করে ম্যান অব দ্যা ম্যাচ এর পুরস্কার জিতে নেন।

ফাইনাল খেলায় জয়লাভ করে পুরস্কার তুলে নেন কুড়ুলগাছি একাদশের ক্যাপ্টেন আশরাফুল। ফাইনাল খেলার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, মনি মেম্বর, সাংবাদিক শরীফ রতন, মেহেদী হাসান মিলন, বিল্লাল, প্রিন্স সাজ্জাদ ও টুর্নামেন্ট কমিটির নেতৃবৃন্দ।

নিউজিল্যান্ড সফরে ছুটি চান সাকিব

চোটের কারণে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ঢাকা টেস্টে খেলতে পারছেন না টাইগার তারকা সাকিব আল হাসান। এবার পারিবারিক কারণে নিউজিল্যান্ড সফর থেকে ছুটি চেয়ে আবেদন করেছেন বিশ্বসেরা এই অলরাউন্ডার।

এ ব্যাপারে বিসিবির পরিচালক জালাল ইউনুস গণমাধ্যমকে বলেন, ‘আগামী মাসে সন্তানসম্ভবা স্ত্রীর পাশে থাকার জন্য ছুটির আবেদন করেছে সাকিব। বিসিবি এখনো এ ব্যাপারে কোনো সিদ্ধান্ত নেয়নি। পারিবারিক কারণে সে নিউজিল্যান্ড সফর থেকে ছুটি নিতে চাচ্ছে।’

ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ওয়ানডে সিরিজে কুঁচকিতে চোট পেয়েছিলেন সাকিব। সেই চোট কাটিয়ে টেস্ট সিরিজে মাঠেও ফিরেছিলেন তিনি। সম্প্রতি নতুন করে আবার চোটে আক্রান্ত হন তিনি। গত শুক্রবার বাঁ পায়ের ঊরুতে চোট পান তিনি। এমআরআই রিপোর্টে নতুন চোট ধরা পড়ে।

এদিকে বাংলাদেশ দলের নিউজিল্যান্ড সফর শুরু হবে মার্চের মাঝামাঝি সময় থেকে। সিরিজের প্রথম ওয়ানডে ২০ মার্চ থেকে। পরের দুই ওয়ানডে হবে ২৩ ও ২৬ মার্চ। সিরিজের প্রথম ওয়ানডে হবে ডানেডিনে, দ্বিতীয়টি হবে ক্রাইস্টচার্চে আর শেষটি হবে ওয়েলিংটনে।

আসন্ন সফরে ২৮ মার্চ থেকে শুরু হবে টি-টোয়েন্টি সিরিজ। সিরিজের পরের দুই টি-টোয়েন্টি হবে ৩০ মার্চ ও ১ এপ্রিল। প্রথম ম্যাচটি হবে হ্যামিল্টনে, দ্বিতীয়টি নেপিয়ারে, শেষটি অকল্যান্ডে।

টাইগারদের লিড ৩০০ ছাড়ালো

চট্টগ্রাম টেস্টে চালকের আসনে এখন বাংলাদেশ। এরইমধ্যে টাইগারদের লিড ৩০০ ছাড়িয়ে গেছে।

শনিবার এই প্রতিবেদন লেখা পর্যন্ত দ্বিতীয় ইনিংসে বাংলাদেশের সংগ্রহ ৪ উইকেট হারিয়ে ১৪৯ রান। লিড ৩২০ রানের। ৮৬ রান নিয়ে ব্যাট করছেন অধিনায়ক মুমিনুল হক। সঙ্গী লিটন ব্যাট করছেন ৩৮ রান নিয়ে।

তৃতীয় দিনে দ্রুত ৩ উইকেট হারানোর পর হাল ধরেছিলেন মুমিনুল ও মুশফিক। চতুর্থ দিনের শুরুটাও দু’জনে ভালোই করেছিলেন। খেলছিলেন সাবলীলভাবে। কিন্তু দিনের দশম ওভারে মুশি ক্যারিবীয় স্পিনার কর্নওয়ালের বলে লেগ বিফোরের ফাঁদে পড়ে বিদায় নিলে ভাঙে তাদের ৪০ রানের জুটি। আউট হওয়ার আগে মুশফিক করেন ১৮ রান।

তবে মুশির বিদায়ের পর লিটনকে নিয়ে পঞ্চাশ ছাড়ানো জুটি গড়ে দলকে বড় লিড এনে দেওয়ার পথে অনেকটা এগিয়ে গেছেন মুমিনুল। তুলে নিয়েছেন চতুর্দশ টেস্ট ফিফটিও।

এর আগে প্রথম ইনিংসে বাংলাদেশের করা ৪৩০ রানের বিশাল সংগ্রহের জবাবে ২৫৯ রানে শেষ হয় উইন্ডিজের প্রথম ইনিংস।

সাকিবের পর মিরাজের ফিফটি

বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসানের পর হাফসেঞ্চুরি করলেন আরেক স্পিন অলরাউন্ডার মেহেদী হাসান মিরাজ। নিজের টেস্ট ক্যারিয়ারে এটি তার তৃতীয় হাফসেঞ্চুরি। ৯৯ বলে ফিফটি করেন এই ডানহাতি।

এর আগে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে চট্টগ্রাম টেস্টে ৫ উইকেট হাতে নিয়ে দ্বিতীয় দিনের খেলা শুরু করে বাংলাদেশ। বৃহস্পতিবার (৪ ফেব্রুয়ারী) দ্বিতীয় দিনের খেলা শুরু হওয়ার মাত্র দুই ওভার পরই সাজঘরে ফেরেন লিটন দাস। জোমেল ওয়ারিকান ফেরান লিটনকে। দ্বিতীয়

দিন ঝুলিতে মাত্র ৪ রান যোগ করেন তিনি। এ নিয়ে ৬৭ বলে ৬ চারে মোট ৩৮ রান করেন উইকেটকিপার ব্যাটসম্যান।

লিটনের আউটের পর সাকিব আল হাসান ও মেহেদি হাসান মিরাজের ব্যাটে দলীয় ৩০০ রান পার করে বাংলাদেশ। এরপর দলীয় ৩১৫ রানের মাথায় বিদায় নেন সাকিব আল হাসান।

তাকেও ফেরান জোমেল ওয়ারিকান। বিদায়ের আগে ১৫০ বলে ৬৮ রানের ইনিংস খেলেন এই অলরাউন্ডার। এ নিয়ে সাদা পোশাকে ২৫তম ফিফটি করলেন সাকিব।

এই ইনিংসের মধ্যে দিয়ে টেস্ট ক্রিকেটে ২ বছর ২ মাস পর হাফসেঞ্চুরির দেখা পেলেন তিনি। সর্বশেষ ২০১৮ সালের ৩০ নভেম্বর ঢাকার মাঠে এই ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষেই ৮০ রানের একটি ইনিংস খেলেছিলেন সাকিব আল হাসান।